بِسۡمِ اللّٰہِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

نحمده و نصلّی علی رسوله الکریم

সংক্ষিপ্তসার খুতবা জুমআ

# ২০২৫ খ্রিস্টাব্দে যুক্তরাজ্যের বার্ষিক জলসায় আল্লাহ্‌র অনুগ্রহরাজি এবং জলসায় আগত নতুন আহ্‌মদী ও অ-আহ্‌মদী অতিথিদের বিভিন্ন অভিব্যক্তি

## সৈয়্যদনা হযরত আমীরুল মু'মিনীন হযরত মির্যা মাসরূর আহ্‌মদ খলিফাতুল মসীহ্ আল্ খামেস আইয়্যাদাহুল্লাহু তাআলা বেনাস্‌রিহিল আযিয কর্তৃক ১'লা আগস্ট, ২০২৫ ইং তারিখে যুক্তরাজ্যের (টিলফোর্ড) ইসলামাবাদের মসজিদে মুবারকে প্রদত্ত খুতবা জুমআর সংক্ষিপ্তসার

আশ্‌হাদু আল্লাহ্ ইলাহা ইল্লাল্লাহু ওয়াহ্‌দাহু লাশারীকালাহু, ওয়াশ্‌হাদু আন্না মুহাম্মাদান আবদুহু ওয়ারসূলুহু। আম্মাবাদু ফা-আউযুবিল্লাহি মিনাশ শয়তানির রজিম, বিসমিল্লাহির রহ্‌মানির রহিম। আল্‌হামদু লিল্লাহি রব্বিল 'আলামিন। আর রহ্‌মানির রহিম। মালিকি ইয়াওমিদ্দিন। ইয়্যাকা না'বুদু ওয়া ইয়্যাকা নাস্‌তাঈ'ন। ইহ্‌দিনাস সিরাত্বাল মুসতাক্বীম। সিরাত্বাল লাযীনা আনআ'মতা আ'লাইহিম। গায়রিল মাগদূবি 'আলায়হিম। ওয়ালাদ্‌দল্লীন।

তাশাহ্‌হুদ, তা'ঊয ও সূরা ফাতিহা পাঠের পর সৈয়্যদনা হুযুর আনোয়ার (আই.) বলেন, গত রবিবার আল্লাহ্‌তা'লার অশেষ কৃপায় যুক্তরাজ্যের বার্ষিক জলসা অত্যন্ত সফলতার সাথে সমাপ্ত হয়েছে। এ তিন দিন মহাকল্যাণ এবং আল্লাহ্‌তা'লার গুণাবলী প্রদর্শনকারী ছিল। আল্লাহ্‌তা'লার অনেক বড়ো অনুগ্রহ হলো, তিনি আমাদেরকে এ দিনগুলোতে অসংখ্য কৃপারাজিতে ধন্য করেছেন এবং জলসাকে সর্বাত্মকভাবে কল্যাণমণ্ডিত করেছেন এবং সফলভাবে সুসম্পন্ন হয়েছে। আল্লাহ্‌র কৃপায় এ দিনগুলোতে আবহাওয়াও খুব ভালো ছিল এবং সকল প্রোগ্রাম অত্যন্ত সুন্দরভাবে সম্পন্ন হয়েছে। জলসার মৌলিক অনুষ্ঠানগুলো ছাড়াও তবলীগ এবং অন্যান্য বিভাগ যেসব প্রদর্শনীর আয়োজন করেছিল, সেগুলো অ–আহ্‌মদী অতিথিদের ওপর ইতিবাচক প্রভাব ফেলেছে এবং আহ্‌মদীদের জ্ঞান বৃদ্ধির কারণ হয়েছে।

অনুরূপভাবে এমটিএও বিরতির সময়ে বিভিন্ন তথ্যমূলক অনুষ্ঠান প্রচার করেছে যা বিশ্বব্যাপি আহ্‌মদীদের ওপর সুপ্রভাব ফেলেছে। বিশ্বের বিভিন্ন প্রান্তে বসে জলসা উপভোগ করা আহ্‌মদীরা একে অত্যন্ত পছন্দ করেছেন এবং জানিয়েছেন যে, এর ফলে তারা বহু নতুন তথ্য জানতে পেরেছেন। এমটিএ এই বছর জলসার পুরো আয়োজন বিশ্বের প্রায় ৫৬টি দেশের ১১৯টি স্থানকে অনলাইনের মাধ্যমে এক প্লাটফর্মে নিয়ে এসেছে; এভাবে তারাও সরাসরি আমাদের সাথে জলসায় যুক্ত ছিল। বিভিন্ন দেশে বসেও তাদের অনুভূতি এটিই ছিল যে, তারা যেন জলসার মার্কিতেই বসে জলসা শুনছেন। এটিও আল্লাহতা'লার একটি অনুগ্রহ, এসব অধুনা আবিষ্কারের মাধ্যমে তিনি সকল আহ্‌মদীকে একীভূত করেছেন যার দৃষ্টান্ত কোথাও খুঁজে পাওয়া যায় না।

যাহোক, অধিকাংশ মানুষ এই অভিমতই ব্যক্ত করেছেন যে, সামগ্রিকভাবে এ বছর ব্যবস্থাপনা খুবই

সুন্দর ছিল। জলসায় আগত অতিথিবৃন্দ এবং এমটিএ'র মাধ্যমে জলসায় অংশগ্রহণকারীদের অধিকাংশ এ বিষয়ে নিজেদের অভিব্যক্তি বর্ণনা করেছেন যে, এক বিশেষ পরিবেশ বিরাজ করছিল। যার ফলে সর্বস্তরের মানুষ অনুভব করেছে যে, জলসায় আল্লাহ্‌তা'লার বিশেষ অনুগ্রহ বর্ষিত হয়েছে।

আল্লাহ্‌তা'লা বলেন, তোমরা কৃতজ্ঞ বান্দা হও, যদি তোমরা কৃতজ্ঞতা জ্ঞাপন করো তাহলে আমি তোমাদেরকে আরও বেশি প্রতিদান দেবো। কাজেই, আরো বেশি কৃপাবারির উত্তরাধিকারী হওয়ার জন্য আমাদের কৃতজ্ঞতা জ্ঞাপন করা আবশ্যক। আল্লাহ্‌তা'লা নিজের সম্পর্কে বলেন, নিশ্চয় আল্লাহ্‌ মহাপরাক্রমশালী এবং সর্বজ্ঞ। যখন "ধন্যবাদ" শব্দটি আল্লাহ্‌র জন্য ব্যবহৃত হয়, তখন এটি কৃতজ্ঞতা অর্থে ব্যবহৃত হয়। অতএব, আল্লাহ্‌তা'লা কৃতজ্ঞদের মূল্য দেন। ফলস্বরূপ, আল্লাহ্‌তা'লা তাদের আরও অধিক কৃপাবারি বর্ষন করেন। এটি কেবল মৌখিক বাক্য নয়, বরং কৃতজ্ঞতার অনুভূতি থাকা উচিত এবং আল্লাহ্‌তালা স্বীয় অনুগ্রহে এই অনুভূতি জামা'তের মধ্যে অনেক বেশি সৃষ্টি করেছেন। আল্লাহ্‌তা'লা এটিকে আরও বৃদ্ধি করুন। জলসায় অংশগ্রহণকারীদের আল্লাহ্‌তা'লার কৃতজ্ঞতা জ্ঞাপনের পাশাপাশি কর্মীদের প্রতিও কৃতজ্ঞতা জ্ঞাপন করা উচিত। এক্ষেত্রেও আল্লাহ্‌ তা'লার কৃতজ্ঞতা জ্ঞাপন করুন যে, কীভাবে আল্লাহ্‌তা'লা কর্মীদের কাজকে সহজ করেছেন, তাদের সমস্যা দূর করেছেন, তাদের প্রতিটি কাজে উন্নতি এনেছেন এবং অধিক সংখ্যক মানুষকে সেবা করার তৌফিক দিয়েছেন এবং জলসায় অংশগ্রহণকারীদের জন্য আরও উত্তম সুযোগ-সুবিধা তৈরি হয়েছে।

এ বছর উপস্থিতি প্রায় ৫০,০০০ হয়েছিল; তাদের যাতায়াত, আপ্যায়ন, জলসা শ্রবণের ব্যবস্থাপনা ও আবাসনের দিক থেকে তেমন কোনো সমস্যার সম্মুখীন হতে হয় নি। কৃতজ্ঞতা জ্ঞাপন করা উচিত যে, আল্লাহ্‌তা'লা এত মানুষের জন্য কীভাবে সবকিছু সুচারুরূপে ব্যবস্থা করে দিয়েছেন। অতএব, এসব কাজ যা আল্লাহ্‌তা'লার কৃপায় সাধিত হয়েছে এতে আমাদের কোনো কৃতিত্ব নেই, বরং কেবলই তাঁর অনুগ্রহ। কর্মীদেরও কৃতজ্ঞতা জ্ঞাপন করা উচিত যে, আল্লাহ্‌তা'লা আমাদেরকে সেবা করার তৌফিক দিয়েছেন এবং সেবার উত্তম পরিণাম সৃষ্টি করেছেন। এর পাশাপশি জলসায় অংশগ্রহণকারীদেরও কৃতজ্ঞতা জ্ঞাপন করা উচিত যে, আল্লাহ্‌তা'লা তাদের জন্য কী পরিমাণ স্বাচ্ছন্দ্য প্রদান করেছেন যে, বহু স্বেচ্ছাসেবী, যারা বিভিন্ন শ্রেণী ও পেশার সাথে যুক্ত এবং বিভিন্ন স্তরের শিক্ষাঙ্গনের সাথে জড়িত, সবাই রাত দিন আল্লাহ্‌র সন্তুষ্টির খাতিরে জলসার পূর্বে, জলসার সময় এবং পরবর্তীতেও নিজেদের দায়িত্ব পালন করেছেন। কানাডা ও অস্ট্রেলিয়া থেকেও বহু খুদ্দাম এসেছেন। তারা জলসার পূর্ব থেকেও জলসার কাজে সাহায্য করেছেন, জলসার সময়েও এবং জলসার পরেও সাহায্য করছেন। আল্লাহ্‌তা'লা তাদের সকলকে এর উত্তম প্রতিদানে ভূষিত করুন।

একটি হাদিসে কুদসির আলোকে হুযুর আনোয়ার (আই.) এই দিকে মনোযোগ আকর্ষণ করিয়েছেন যে, আল্লাহ্‌তা'লা তার বান্দাদের এমন কাজের এত কদর করেন যা শুধুমাত্র তাঁর জন্যই করা হয়। তিনি বলেন, "তাদের কৃতজ্ঞতা প্রকাশ করো।" তিনি আমাদের থেকেও এটাই চান যে, আমরা যেন আল্লাহ্‌র বান্দাদের প্রতি কৃতজ্ঞ হই। এর ফলে এমন একটি পরিবেশ তৈরি হবে যা সম্পূর্ণভাবে কৃতজ্ঞতাময় হবে এবং যেখানে সবদিক থেকে কৃতজ্ঞতা প্রকাশ করা হবে। আর এটাই আমাদের সবসময় মনে রাখা উচিত।

হুযুর আনোয়ার (আই.) বলেন, জলসায় আগত অতিথিদের অভিব্যক্তি আমি পেয়েছি। সেখানে অনেকেই নিজের অভিব্যক্তি বর্ণনা করে বলেছেন, আমরা বহু কর্মীদের জিজ্ঞেস করেছি, আপনারা কী করেন? তাদের

কাজ করা দেখে আমরা ভেবেছিলাম, এরা হয়তো শ্রমিক শ্রেণির মানুষ হবে, কিন্তু তাদের মধ্যে কেউ বলেন, আমি একজন ফার্মের অভিসার। কেউ বলেন, আমি শিক্ষক আবার কেউ বলেন, আমি পিএইচডি'র শিক্ষার্থী। অতএব, এ ধরণের সেবা প্রদানে আগ্রহী মানুষ জামা'তে বিদ্যমান যারা হযরত মসীহ্ মাওউদ (আ.) এর অতিথিদের সেবা প্রদানের জন্য এবং আল্লাহ্‌র সন্তুষ্টি অর্জনের লক্ষ্যে নিজেদেরকে উপস্থাপন করে থাকেন। এখানে অ-আহ্‌মদীরাও আসেন, বিভিন্ন দেশ থেকে এমন মানুষ আসেন যাদের জামা'তের সাথে প্রাথমিক পরিচয় হয় এবং তারা দেখতে আসেন যে, এই মানুষগুলো কি সত্যিই তাই, যা তারা বলে? আর যখন তারা বিভিন্ন পেশার সাথে জড়িত এই কর্মীদেরকে এভাবে কাজ করতে দেখেন এবং প্রত্যেককে সাধারণ শ্রমিকের মতো কাজ করতে দেখেন, তখন তাদেরকে দেখে তারা অত্যন্ত প্রভাবিত হন। এটা এক ধরনের নীরব তাবলীগ, যা তারা প্রকাশও করেন। এভাবে যারা নতুন এসেছেন অর্থাৎ জামা'তে নতুন শামিল হয়েছেন অথবা যারা প্রথমবার এখানে এসেছেন, তাদেরও উৎসাহ বাড়ে। তারা দেখেন যে, কীভাবে তাদের শ্রদ্ধা ও সম্মানের সাথে আতিথেয়তা করা হচ্ছে এবং এখানকার লোকেরা তাদের সাথে কীভাবে ব্যবহার করছেন। সুতরাং, এটা খুবই গুরুত্বপূর্ণ একটি বিষয় এবং এই জন্য আমাদের সকলের আল্লাহ্‌তা'লার প্রতি কৃতজ্ঞ হওয়া উচিত।

এই প্রেক্ষাপটে হুযুর আনোয়ার (আই.) বিভিন্ন দেশের অ-আহ্‌মদী অতিথি এবং কিছু নবদিক্ষিত আহ্‌মদীর জলসা সালানাতে অংশগ্রহণের কথা উল্লেখ করেন এবং আল্লাহ্‌র কৃপায় জলসার বরকতের ফলে তাদের ওপর যে ইতিবাচক প্রভাব পড়েছিল, সে বিষয়ে একাধিক ঈমান-উদ্দীপক ঘটনা বর্ণনা করেন।

রডরিক আইল্যান্ডের পুলিশ ফোর্সের এসিস্ট্যান্ট কমিশনার বলেন, জলসার দিনগুলোতে আমি যা দেখেছি তা নিশ্চিতভাবে অনন্য। ব্যবস্থাপনা ও শৃঙ্খলার এক অতুলনীয় দৃষ্টান্ত ছিল। দশ হাজার স্বেচ্ছাসেবকের উপস্থিতি এক আশ্চর্যজনক বিষয় ছিল। প্রত্যেকে অসাধারণ আবেগের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে সেবা করে গেছেন।

বেলজিয়ামের এক অতিথি, যিনি একটি মানবাধিকার সংস্থা (HRWF)- এর প্রতিনিধি তিনি বলেন, এরূপ অসাধারণ সম্মেলনে অংশগ্রহণ করতে পারা আমার জন্য প্রকৃত অর্থে আনন্দায়ক ছিল। এত বড়ো আকারের একটি সম্মেলনের আয়োজন করা নিশ্চিতভাবে এক অসাধারণ সফলতা যেখানে হাজার হাজার মানুষ কয়েক দিনের জন্য অংশ নিতে এসেছে। আমি কেবল ব্যবস্থাপনার দক্ষতা দ্বারাই নয়, বরং এর পশ্চাতে বিদ্যমান নৈতিক ভিত্তি দ্বারাও মুগ্ধ হয়েছি।

বুলগেরিয়ার এক নবদীক্ষিতা আহ্‌মদী নারী বলেন, এই বরকতপূর্ণ দিনগুলোতে আমি এক অসাধারণ আধ্যাত্মিক পরিবেশ অনুভব করেছি এবং এতে অংশ নেয়ার সৌভাগ্য লাভ করেছি। আমার অভিজ্ঞতা অসাধারণ ছিল এবং অতিথিদের সুবিধা এবং আরামের যত্ন কতটা সতর্কতার সাথে নেওয়া হয়েছিল তা দেখে আমি খুবই মুগ্ধ হয়েছি। জর্জিয়ার এক অতিথি বলেন, জলসার শান্তিপূর্ণ পরিবেশ, বক্তৃতামালা এবং খলিফার বিভিন্ন বক্তব্য আধ্যাত্মিকভাবে উন্নতি করার ক্ষেত্রে অনেক বড়ো ভূমিকা পালন করছে। সুইডেন থেকে আগত একজন আরব মহিলা বলেন, জলসা সালানা একটি বিশাল বাড়ির ন্যায়, যা পুরো পরিবারকে নিজের মধ্যে ধারণ করে রেখেছে।

বেশকিছু ঈমান উদ্দীপক অভিব্যক্তি বর্ণনার পর হুযুর আনোয়ার (আই.) বলেন, আল্লাহ্‌তা'লা সকল অতিথিদের হৃদয়ের দ্বার উন্মোচন করুন এবং আহ্‌মদীয়াত তথা প্রকৃত ইসলাম অনুধাবন ও যুগের ইমামকে

গ্রহণ করার তৌফিক দিন। নবদীক্ষিত আহ্‌মদীদের ঈমান ও নিষ্ঠায় উন্নতি দান করুন। পাশাপাশি আহ্‌মদীদের তৌফিক দিন, তারা যেন জলসায় যা শুনেছেন তা মেনে চলতে সক্ষম হন, ধর্মকে জাগতিকতার ওপর প্রাধান্য দানকারী হন, এই উদ্দীপনা যেন সর্বদা প্রতিষ্ঠিত থাকে, জলসার কল্যাণরাজি হতে সকল আহ্‌মদী যেন কল্যাণমন্ডিত হন এবং স্বীয় আত্মা ও সমাজের সংশোধনের জন্য সর্বাত্মক চেষ্টা করেন।

এরপর হুযুর (আই.) প্রেস ও মিডিয়ার সংক্ষিপ্ত রিপোর্ট তুলে ধরেন। জামা'তি প্রেস ও মিডিয়ার অধীনে প্রায় ৪৯ টি ওয়েবসাইট, প্রিন্ট মিডিয়া, পত্রপত্রিকায় ১৭ টি আর্টিকেল, রেডিওতে ২৫ টি প্রোগ্রাম, টেলিভিশন এবং সামজিক যোগাযোগ মাধ্যমে আল্লাহ্‌তা'লার কৃপায় সব মিলে সর্বমোট প্রায় ১০০ মিলিয়ন লোকের কাছে এ সংবাদ পৌঁছেছে।

এমটিএ আফ্রিকার মাধ্যমেও বিভিন্ন চ্যানেলে জলসার অনুষ্ঠান সম্প্রচার হয়েছে এবং এ উপলক্ষ্যে ৫০ জনের অধিক মানুষ বয়আত করারও সৌভাগ্য লাভ করেছেন। জলসা সালানার কার্যক্রম ২২টি জাতীয় ও আঞ্চলিক টিভি চ্যানেলে ৩০৪ ঘণ্টা সম্প্রচারিত হয়েছে এবং এর মাধ্যমে ৬৫ মিলিয়ন মানুষের কাছে বার্তা পৌঁছেছে। জলসা সম্পর্কিত ৯১টি বিভিন্ন প্রতিবেদন রেডিও স্টেশনগুলোতে প্রচারিত হয়েছে, যার মাধ্যমে ১৬ মিলিয়ন মানুষের কাছে বার্তা পৌঁছেছে। বলা হয় যে, অন্যান্য বিভিন্ন মাধ্যমে ৪৭টি সংবাদ প্রকাশিত হয়েছে এবং এর মাধ্যমে ১৫০ মিলিয়ন মানুষের কাছে বার্তা পৌঁছেছে।

পরিশেষে হুযুর (আই.) গাযা ফিলিস্তিনের শহীদ মরহুম আব্দুল করীম জামাল সাহেবের স্মৃতিচারণ করেন এবং তার সঙ্গে ক্ষমাসুলভ আচরণ ও আধ্যাত্মিক উন্নতির জন্য দোয়া করেন এবং নামাযের পর গায়েবানা জানাযা পড়ানোর ঘোষণা দেন।

আল্‌হামদুলিল্লাহি নাহ্‌মাদুহূ ওয়া নাসতায়ীনুহূ ওয়া নাসতাগ্‌ফিরুহূ ওয়া নু'মিনুবিহী ওয়া নাতাওয়াক্কালু আলাইহি ওয়া না'ঊযুবিল্লাহি মিন শুরুরি আনফুসিনা ওয়া মিন সায়্যিআতি আ'মালিনা-মাইয়্যাহ্‌দিহিল্লাহু ফালা মুযিল্লালাহু ওয়া মাই ইউয্‌লিলহু ফালা হাদিয়ালাহু-ওয়া নাশহাদু আল্লা ইলাহা ইল্লাল্লাহু ওয়াহ্‌দাহু লা শারীকালাহূ ওয়ানাশহাদু আন্না মুহাম্মাদান আবদুহূ ওয়া রাসূলুহু-

'ইবাদাল্লাহি রাহিমাকুমুল্লাহু-ইন্নাল্লাহা ইয়া'মুরু বিল 'আদলি ওয়াল ইহসানি ওয়া ঈ'তাইযিল কুরবা ওয়া ইয়ানহা 'আনিল ফাহ্‌শাই ওয়াল মুনকারি ওয়াল বাগ্‌ই-ইয়াইযুকুম লা'আল্লাকুম তাযাক্কারুন। উযকুরুল্লাহা ইয়াযকুরকুম ওয়াদ'ঊহু ইয়াসতাজিবলাকুম ওয়ালা যিক্‌রুল্লাহি আকবর।

**('মজলিশ আনসারুল্লাহ্‌ ভারত' কর্তৃক প্রকাশিত সংক্ষিপ্ত উর্দু খুতবার অনুবাদ)**

| Bengali Khulasa Khutba Juma<br>Huzoor Anwar(at)<br>*1'st August* 2025<br>*Distributed by*<br>Ahmadiyya Muslim Mission<br>.....................*P.O*........................<br>*Distt*.........................*Pin*.........*W.B* | **To,**<br>_ _ _ _ _ _ _ _ _ _ _ _ _<br>_ _ _ _ _ _ _ _ _ _ _ _ _<br>_ _ _ _ _ _ _ _ _ _ _ _ _<br>_ _ _ _ _ _ _ _ _ _ _ _ _ _ _ _ _ _ _ _ |
|---|---|

বিশদে জানতে : Toll Free No.1800 103 2131 www.alislam.org | www.mta.tv | www.ahmadiyyamuslimjamaat.